

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৪ নভেম্বর ২০১৬ তারিখের ৮০.১০৭.০১২.০০.০০১৪.২০১৬/৩২২ সংখ্যক স্মারকে প্রদত্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের “The Gazetted Officers (Cabinet Division) Recruitment Rules, 1978 (as amended on 10th July, 1980)” মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ২২০০০-৫৩০৬০/- (নবম গ্রেড) টাকার স্কেলে প্রদেয় বেতন ও অন্যান্য ভাতাদিসহ নিম্নোক্ত শর্তে মন্ত্রিপরিষদ বিভাগে কনফিডেন্সিয়াল অফিসার পদে পদোন্নতি প্রদান করা হল:

ক্রম	নাম ও পূর্ববর্তী পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদবি
(১)	জনাব মোঃ নওয়াব হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ	কনফিডেন্সিয়াল অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ

শর্তসমূহ:

- উল্লিখিত কর্মকর্তাকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১(এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হল। নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিসির মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবে।
- শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, অথবা তাঁর কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই; সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁকে যে পদ থেকে পদোন্নতি দেওয়া হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করতে পারবেন।
- এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ কোন ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে এ প্রজ্ঞাপন জারি করা হল এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
০১/১২/২০১৬
(মোঃ আবদুল ওয়াদুদ)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি)
পরিচিতি নম্বর-৪৭৬৯
ফোন: ৯৫১৪৩৮৮

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১২.০০৪.১১.৯৮০

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৩
০১ ডিসেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
- ৪। মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের অবগতির জন্য)
- ৭। সচিব (সমন্বয় ও সংস্কার)-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১০। জনাব মোঃ নওয়াব হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১১। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি



(মুহাম্মদ লুৎফর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৪৯৯৫